# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো গোপনে-প্রকাশ্যে সবসময় ইবাদতে লেগে থাকা যাতে তার মাধ্যমে সে পরকালে নাজাত পেতে পারে

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ لُزُومِ الْعِبَادَةِ فِي السِّرِّ وَالْعَلَانِيَةِ رَجَاءَ النَّجَاةِ فِي الْعُقْبَى بِهَا

---

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ , قَالَ: كُنْتُ رَدِيفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَيْنِي وَبَيْنَهُ إِلَّا مُؤْخِرَةُ الرَّحْلِ فقَالَ: (يَا مُعَاذُ) قُلْتُ: لَبَّيْكَ يَا رَسُولَ اللَّهِ وَسَعْدَيْكَ قَالَ: ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ: (يَا مُعَاذُ) قُلْتُ: لَبَّيْكَ يَا رَسُولَ اللَّهِ وَسَعْدَيْكَ قَالَ: (هَلْ تَدْرِي مَا حَقُّ اللَّهِ عَلَى الْعِبَادِ؟ ) قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا) قَالَ: ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ:(هَلْ تَدْرِي مَا حَقُّ الْعِبَادِ عَلَى اللَّهِ إِذَا فَعَلُوا ذَلِكَ)؟ قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ:(فَإِنَّ حَقَّ الْعِبَادِ عَلَى اللَّهِ إِذَا فَعَلُوا ذَلِكَ أَنْ لَا يُعَذِّبَهُمْ.)

الراوي : مُعَاذ بْن جَبَلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 363 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৬৩. মু'আয বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাহনের পেছনে আরোহন করছিলাম। আমার ও তাঁর মাঝে হাওদার কাষ্ঠ ব্যতিত আর কোন ব্যবধান ছিল না। তিনি আমাকে বলেন: “হে মুয়ায!” আমি বললাম: “আমি আপনার এবং আপনার সন্তুষ্টির কাজে সদাপ্রস্তুত!” রাবী বলেন, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছুক্ষণ চললেন তারপর বললেন: “হে মুয়ায!” আমি বললাম: “আমি আপনার এবং আপনার সন্তুষ্টির কাজে সদাপ্রস্তুত!” তিনি বলেন: “তুমি কি জানো বান্দার উপর আল্লাহর কী হক রয়েছে “ আমি বললাম: “আল্লাহ ও তদীয় রাসূলই (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভালো

জানেন।” তিনি বলেন: “বান্দার উপর আল্লাহর হক হলো তারা তাঁর ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছুকেই শরীক করবে না।” রাবী বলেন, এরপর তিনি আবার কিছুক্ষণ পথ চলেন, এবং তারপর বলেন: “তুমি কি জানো বান্দা যখন সেটা আমল করবে, তখন আল্লাহর উপর বান্দার কী হক থাকবে?” আমি বললাম: “আল্লাহ ও তদীয় রাসূলই (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভালো জানেন।” তিনি বলেন: “বান্দা যখন সেটা আমল করবে, তখন আল্লাহর উপর বান্দার হক হলো আল্লাহ তাদের শাস্তি দিবেন না।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৯৬৭; সহীহ মুসলিম: ৩০; তাবারানী আল কাবীর: ২০/৮১; মুসনাদ আহমাদ: ৫/২৪২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৫৪৬; তিরমিযী: ২৬৪৩; ইবনু মাজাহ: ৪২৯৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৩০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন